শেখ হাসিনার উদ্যোগ

# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd

ISO 9001:2015

মুজিব বর্ষ ১০০

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০২.০০৮.২৩. ৮৫৭৭

তারিখঃ ৩০ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ।
১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ পোল ইয়ার্ডের জন্য দৈনিক মজুরী ভিত্তিতে অস্থায়ী নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের জন্য বিজ্ঞপ্তি" ।**

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির পোল ইয়ার্ডের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে "অস্থায়ী নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই)" পদে নিয়োগের/ প্যানেল তৈরীর নিমিত্তে নিম্ন ছকে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে নিমোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বয়স সীমা | মজুরী | শিক্ষাগত ও অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | "অস্থায়ী নিরাপত্তা প্রহরী" (দৈনিক মজুরী ভিত্তিতে) ০১টি (পুরুষদের জন্য সংরক্ষিত)। | ১৪/০৯/২০২৩খ্রিঃ তারিখে বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৩০০.০০ (তিনশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি/ সমমান পাশ হতে হবে । খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে । গ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ,বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শুধুমাত্র চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (www.pbs.chapainawabganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে A4 কাগজে প্রিন্ট পূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ৩০/০৯/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ বরাবর ডাকযোগে, হাতে হাতে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে টাইপকৃত, ভুল পূরণকৃত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। "অস্থায়ী নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরি নাই)" হিসেবে অনুমতি লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদের কপি, সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ কপি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। ১ম শ্রেণির কর্মকর্তার নাম আইডি সম্বলিত সীল দ্বারা সকল কাগজপত্র ও ছবি সত্যায়িত হতে হবে।

০৩। নিবার্চিত প্রার্থীকে দৈনিক মজুরী (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক অস্থায়ী নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরি নাই) হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৩০০/- (তিনশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক ০৮ ঘন্টা সময়ের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালে- অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে।

চলমান পাতা

০৪। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেদিনের জন্য ৩০০/- (তিনশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৫। অনুমতিপ্রাপ্ত অস্থায়ী নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরি নাই) নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে।

০৬। এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবি গ্রহণযোগ্য হবে না।

০৭। পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রির্পোট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

০৮। অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

০৯। অনুমতি প্রদানের সময় উক্ত কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

১০। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষি হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১১। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৩। খামের উপর প্রার্থীর পদের নাম "অস্থায়ী নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই)" সুস্পষ্টভাবে লিখতে হবে।

১৪। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১৫। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নিবার্চন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

14.09.23

(প্রকৌঃ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার......................................পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম, শিবগঞ্জ/নাচোল/ ভোলাহাট, জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৫। এজিএম (ওএন্ডএম), মহারাজপুর, সাহাপাড়া সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/আইটি/এইচআর) চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৭। নোটিশবোর্ড/ওয়েব সাইট, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

14.09.23

(প্রকৌঃ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

অনুমোদিতঃ ১৭/[illegible]/২০১৪

ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ ..........

**চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম**

**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

| পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে। |
|---|

জেনারেল ম্যানেজার
চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -

০২. আবেদনকৃত পদের নাম :

০৩. পদের ধরণঃ নিরাপত্তা প্রহরী (কাজ নাই মজুরী নাই)

----------------------------------

০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

-------------------------------------

০৫. প্রকাশনার তারিখ

----------------------------------  ----------------------------

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)  (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

-------------------------------------------

০৭. জন্ম তারিখ (------- পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

-----/------/-------------(দিন/মাস/বছর)

---------------------------------

০৮. মাতার নাম

০৯. বয়স (১৪/০৯/২০২৩) ইং তারিখে )

-----------------------------------

১০. পিতার নাম

------------------------------------

১১. ধর্ম

-----------------------------------

১২. জাতীয়তা

-------------------------------------

১৩. নিজ জেলা

------------------------------

১৪. টেলিফোন/মোবাইল ফোন নং

--------------------------------------------

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন): ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে (√)টিক দিন):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ☐ | মহিলা | ☐ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | ☐ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | ☐ | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
| ☐ | উপজাতি | ☐ | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | ☐ | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানাঃ

--------------------------  ------------------------  --------------------------  ------------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী  খ. ডাকঘর  গ. উপজেলা/থানা  ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

---------------------  --------------------------  ------------------------------  ------------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী  খ. ডাকঘর  গ. উপজেলা/থানা  ঘ. জেলা

-----------------------------  -------------------------------------  ------------------------

১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার  ২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল্য  ২১. ইস্যুর তারিখ

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর /পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৪. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রাপ্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করিছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উর্ত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকব।

---------------------------------------
তারিখ

---------------------------------------
আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ** সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

**চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

## মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর রোল নম্বর : ------------------------------------------------

পরীক্ষার তারিখ : ------------------------------------------------

পরীক্ষার সময় : ------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর : -------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয় )

পদের নাম : ------------------------------------------------

প্রার্থীর নাম : ------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক :

পিতা/ প্রযত্নেঃ------------------------------------------------

গ্রামঃ----------------------------------------ডাকঘরঃ--------------------

উপজেলাঃ-----------------------------------জেলাঃ-----------------------

মোবাইল নম্বরঃ ---------------------------